

দুই উপায়ে স্কুলের ক্লাস চলমান রাখা নিয়ে আলোচনা চলছে : শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

জ্বালানি তেল সংকটের কারণে স্কুল পর্যায়ে ক্লাস
চলমান রাখার জন্য দুই ব্যবস্থা নিয়েই
আলোচনা চলছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী
আ ন ম এহসানুল হক মিলন।

আজ মঙ্গলবার সাংবাদিকদের এ কথা জানান
তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, ‘বৈশ্বিক জ্বালানি সংকটের
কারণে স্কুল পর্যায়ে অনলাইন-সশরীরে এই দুই
ব্যবস্থা সমন্বয়ে ক্লাস বিষয়ে আলোচনা চলছে।’

তিনি আরো বলেন, ‘মন্ত্রিসভা বৈঠকে এ বিষয়টি
উপস্থাপন করা হবে।

